দিনাজপুর জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্স কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : মীর খায়রুল আলম
জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর
সভার স্থান : জেলা ম্যাজিস্ট্রেটের সভা কক্ষ ।
আলোচ্য মাস : মে/২০১৭ খ্রিঃ।
সভার তারিখ : ১১ জুন/২০১৭ খ্রিঃ।
সভার সময় : সকাল ১০.১৫ ঘটিকা ।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক গত ১৪ মে/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্স কমিটির সভারকার্য বিবরণী সভায় পাঠ করা হয়। কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয় । অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয় এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য সূচি ১: চোরাচালান নিরোধ টাস্কফোর্সের কার্য ক্রম পরিচালনা

মে/২০১৭ মাসে দিনাজপুর জেলায় পরিচালিত টাস্কফোর্সের বিবরণ নিম্নরূপ:

তারিখ	অভিযানের সংখ্যা	সংস্থার নাম ও আটকের স্থান	আটককৃত মালামালের বিবরণ		আটক মালা-মালের মূল্য	গ্রেফতারকৃত আসামীর সংখ্যা	দায়েরকৃত মামলার সংখ্যা
			নাম	বিবরণ			
১	২	৩	৪	৫	৬	৭	৮
০৪/০৫/১৭	০২	জেলা প্রশাসন জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর পুলিশ বিভাগ স্থান-কোতয়ালী- খাদ্য গুদাম ও রামসাগর।	গাঁজা	১০ গ্রাম	১০০/-	গ্রেফতার- ০১ পলাতক -নেই	০১
১৫/০৫/১৭	০৩	উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর ও পুলিশ বিভাগ। স্থান-ফুলবাড়ী : স্টেশনপাড়া, ইসতারনগর রাঙ্গামাটি ও কাঁটাপাড়া।	গাঁজা	৭৫০ গ্রাম	৭,৫০০/-	গ্রেফতার- ০১ পলাতক -নেই	০১
মে/১৭ মাসে ০৫ টি অভিযানে				মোট	৭,৬০০/-	গ্রেফতার-০২ পলাতক- নেই	মামলা-০২টি
এপ্রিল/১৭ মাসে ২৩ টি অভিযানে				মোট	২২,২৫০/-	গ্রেফতার-১১ পলাতক- নেই	মামলা-১৮টি

উপস্থাপিত বিবরণী পর্যালোচনাকরে দেখা যায় যে, বিবেচ্য মে/২০১৭ মাসে ০৫ টি টাস্কফোর্স অভিযানে৭,৬০০/-(সাত হাজার ছয় শত) টাকা মূল্যের বিভিন্ন ধরনের মাদকদ্রব্য ও মালামাল আটক, ০২ জন আসামীকে গ্রেফতার এবং ০২ টি মামলা দায়ের করা হয়। এপ্রিল/২০১৭ মাসে ২৩টি টাস্কফোর্স অভিযানে২২,২৫০/-(বাইশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা মূল্যের বিভিন্ন ধরনের মাদকদ্রব্য ও মালামাল আটক, ১১ জন আসামীকে গ্রেফতার এবং ১৮ টি মামলা দায়ের করা হয়। তুলনামূলক পর্যালোচনায় দেখা যায়যে, এপ্রিল/২০১৭ মাসের তুলনায় মে/২০১৭ মাসে অভিযানের সংখ্যা, আসামী গ্রেফতার ও মামলা দায়েরের সংখ্যা এবং জব্দকৃত মালামালের মূল্য হ্রাস পেয়েছে। সভায় প্রত্যেক উপজেলায় চোরাচালান/মাদকবিরোধী টাস্কফোর্স অভিযান পরিচালনার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। সভায় আরও আলোচনা করা হয় যে, সামাজিকভাবে মাদকব্যবসায়ী/চোরাচালানের গডফাদারদের ঘৃণা বা বয়কট করতে হবে যাতে তারা সমাজে হেয় প্রতিপন্ন হয় ।

চলমান-২

সিদ্ধান্ত -১.১: সকল ধরনের চোরাচালান রোধকল্পে জেলা ও উপজেলা পর্যায়ে মাদকসহ চোরাচালান বিরোধী টাস্কফোর্স অভিযান দৃশ্যমানভাবে বৃদ্ধি করতে হবে।

সিদ্ধান্ত -১.২: গোপনীয়তা রক্ষা করে মাদক ব্যবসায়ী ও গডফাদারদের ধরতে সমন্বিত অভিযান পরিচালনা করতে হবে।

সিদ্ধান্ত -১.৩: সীমান্ত এলাকায় জনপ্রতিনিধিদের উপস্থিতিতে স্থানীয় জনসাধারণকে নিয়ে চোরাচালান এবং মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে : ১। অধিনায়ক, ৪২, ২০ ও ২৯ বর্ডারগার্ড ব্যাটালিয়ন।
২। পুলিশ সুপার, দিনাজপুর।
৩। ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১৩, দিনাজপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার,দিনাজপুর সদর /ফুলবাড়ী /বিরামপুর /হাকিমপুর, দিনাজপুর।
৫। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর।

সিদ্ধান্ত -১.৪: সামাজিকভাবে মাদকব্যবসায়ী/চোরাচালানের গডফাদারদের ঘৃণা বা বয়কট করতে হবে যাতে তারা সমাজে হেয় প্রতিপন্ন হয়।

বাস্তবায়নে : ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর (সকল)।
২। মেয়র, সকল পৌরসভা, দিনাজপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল), দিনাজপুর।
৪। সভাপতি, প্রেস ক্লাব, দিনাজপুর।

সিদ্ধান্ত -১.৫: চোরাচালান/মাদক মামলার আসামীর গ্রেফতারী ওয়ারেন্ট তামিল করতে হবে।

বাস্তবায়নে : পুলিশ সুপার, দিনাজপুর।

সিদ্ধান্ত -১.৬: প্রত্যেক উপজেলায় টাস্কফোর্স অভিযান পরিচালনা জোরদার করতে হবে।

বাস্তবায়নে : ১। উপজেলা নির্বাহী অফিসার,দিনাজপুর (সকল)।
২। অফিসার ইনচার্জ, সকল থানা, দিনাজপুর।
৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর।

<u>আলোচ্য সূচি-২: রেলপথে টাস্কফোর্স অভিযান পরিচালনা:</u> সভায় রেলপথে চোরাচালান দমনে রেলস্টেশন এবং তৎসংলগ্ন স্থানে নিয়মিত টাস্কফোর্স অভিযানকরে চোরাচালান দমন ও চিহ্নিত ব্যক্তিদের গ্রেফতারের উপর গুরুত্বারোপ করা হয়। জেলায় সকল ধরনের মাদকের অপব্যবহার রোধকল্পে মাদকপ্রবণ এলাকাসমূহে একাধিক সংস্থার সমন্বয়ে ঘনঘন টাস্কফোর্স অভিযান পরিচালনার উপর গুরুত্বারোপ করা হয়।

সিদ্ধান্ত -২.১: চিহ্নিত চোরাকারবারী/মাদক বিক্রেতাদের আইনের আওতায় আনার চেষ্টা অব্যাহত রাখতে হবে।

সিদ্ধান্ত -২.২: রেলস্টেশনসমূহে আকস্মিকভাবে টাস্কফোর্স অভিযান পরিচালনার মাধ্যমেঅস্ত্র ও মাদকদ্রব্য চোরাচালান রোধে কার্য কর ভূমিকা রাখতে হবে।

চলমান-৩

সিদ্ধান্ত -২.৩: জেলার চিহ্নিত মাদক স্পটসহ জেলা শহরে মাদক স্পটে টাস্কফোর্স অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে : ১। অধিনায়ক, ৪২, ২০ ও ২৯ বর্ড ারগার্ড ব্যাটালিয়ন।
২। পুলিশ সুপার, দিনাজপুর।
৩। পুলিশ সুপার, সৈয়দপুর জি,আর,পি, জেলা ।
৪। উপজেলা নির্ব াহী অফিসার,পার্ব তীপুর/ফুলবাড়ী/বিরামপুর/হাকিমপুর/দিনাজপুর ।

সিদ্ধান্ত -২.৪: আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে চোরাচালান/মাদকের অপব্যবহার রোধকল্পে চিহ্নিত স্থানে নিয়মিত টাস্কফোর্স অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে : ১। পুলিশ সুপার, দিনাজপুর।
২। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
৩। ক্যাম্প কমান্ডার, র‍্যাব-১৩, দিনাজপুর।
৪। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

স্বাক্ষরিত/-
(মীর খায়রুল আলম)
জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর
ও
সভাপতি
জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্স কমিটি।